দৈনিক ইত্তেফাক

তারিখ 08 MAR 1989
পৃষ্ঠা ... কলাম 1

02

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো ঢাকা
ডকুমেন্টেশন কেন্দ্র

# প্রযুক্তিমনস্ক হওয়ার আহবান

(ইত্তেফাক রিপোর্ট)

গতকাল মঙ্গলবার আগারগাঁও বিজ্ঞান জাদুঘর প্রাঙ্গণে বিজ্ঞান সপ্তাহের চারদিনব্যাপী অনুষ্ঠান

(শেষ পৃঃ ১-এর কঃ দ্রঃ)



## প্রযুক্তিমনস্ক হওয়ার আহবান

(১ম পৃঃ পর)

ও প্রদর্শনী শুরু হইয়াছে। অনুষ্ঠান উদ্বোধনকালে বেগম রওশন এরশাদ দ্বিতীয় মহাযুদ্ধোত্তর জাপানের মত বিজ্ঞান ও প্রযুক্তিমনস্ক হওয়ার জন্য নবীন-প্রবীণ বিজ্ঞানী ও উদ্যোক্তাদের প্রতি আহ্বান জানান।

শিক্ষামন্ত্রী শেখ শহীদুল ইসলামের সভাপতিত্বে উদ্বোধনী অনুষ্ঠানে, জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি পরিষদের নির্বাহী কমিটি প্রধান, প্রধানমন্ত্রী মওদুদ আহমদ ছাড়াও বক্তব্য রাখেন প্রযুক্তি সচিব আহমদ ফরিদ, বিজ্ঞান জাদুঘর পরিচালক ডঃ খান মোহাম্মদ সিরাজুল ইসলাম।

প্রধান অতিথির ভাষণে ফার্স্ট লেডী বলেন, গত ১১ বৎসরের বিজ্ঞান সপ্তাহের অনুষ্ঠান প্রবীণ ও নবীন বিজ্ঞানীদের মধ্যে যোগসূত্র স্থাপন করিয়াছে। দেশীয় কাঁচামালের ব্যবহারে দেশজ প্রযুক্তি উদ্ভাবন জাতিকে স্বনির্ভর করিয়া তুলিতে পারে। তিনি ব্যবহারিক পণ্য উদ্ভাবনের জন্য প্রযুক্তি চর্চা এবং বিজ্ঞানসাধনায় নারীদের ব্যাপকতর অংশগ্রহণের উপর জোর দেন।

প্রধানমন্ত্রী মওদুদ আহমদ মৌল গবেষণার বদলে বিশ্বব্যাপী বিকশিত প্রযুক্তি আনিয়া দেশের প্রয়োজন মাফিক ব্যবহারের উপর জোর দিবার আহ্বান জানাইয়া বলেন, শিল্প কারখানার অব্যবহৃত ক্ষমতা ব্যবহার করিয়া স্থানান্তরযোগ্য ইস্পাত সেতুর মত বহু প্রয়োজনীয় সামগ্রী সহজেই উৎপাদন করা যায়, তিনি দেশে বিকাশমান কম্পিউটার নির্মাণ শিল্পের দিকে দৃষ্টি রাখিয়া যতবেশী সংখ্যক শিক্ষায়তনে কম্পি-

(২য় পৃঃ দ্রঃ)

## প্রযুক্তিমনস্ক হওয়ার আহ্বান

(শেষ পৃঃ পর)

উটার ও সর্বাধুনিক প্রযুক্তি পঠন-পাঠনের আহ্বান জানান। তিনি বাংলাদেশ হইতে পোল্যাণ্ডে ২৮০টি কম্পিউটার রপ্তানি এবং বাংলাদেশে সংযোজিত কম্পিউটার যুক্তরাষ্ট্রে প্রেরণের কথা উল্লেখ করিয়া বলেন, কম্পিউটার সফট ওয়্যারে এদেশের সম্ভাবনা বিপুল। ইলেকট্রনিক্স ৫।৬ বৎসরের মধ্যে বাংলাদেশে পোশাক শিল্পের বিস্তারকে ছাড়াইয়া যাইবে।

বিজ্ঞান সচিব বলেন, সকল স্তরে বিজ্ঞানের প্রতি অনুরাগ ও বিজ্ঞান সাক্ষরতা সৃষ্টি এ সপ্তাহ পালনের লক্ষ্য। চতুর্থ পঞ্চবার্ষিকী পরিকল্পনায় নিশ্চিতভাবে বিজ্ঞান ও প্রযুক্তি, পরিকল্পনা গ্রথিত হইতে যাইতেছে।

বিজ্ঞান জাদুঘর পরিচালক ডঃ খান মোহাম্মদ সিরাজুল ইসলাম বিজ্ঞানে বিশ্ব মুসলিমের অবদান তুলিয়া ধরার জন্য বিজ্ঞান জাদুঘরে একটি বিশেষ গ্যালারী খোলার আহ্বান জানান।

সভাপতির ভাষণে শেখ শহীদুল ইসলাম বলেন, বিজ্ঞান শিক্ষার উপর গুরুত্ব আরোপ করিয়া শিক্ষাক্রম আধুনিকীকরণের কাজ আগাইয়া চলিয়াছে।

বিজ্ঞান সপ্তাহ উপলক্ষে স্মারক ডাকটিকেটে ডাক বিভাগের বিশেষ মোহরের ছাপ দিয়া উদ্বোধনী অনুষ্ঠান শেষ হয়।

পরে ফার্স্ট লেডী প্রধানমন্ত্রী ও শিক্ষামন্ত্রীসহ দুই শতাধিক নবীন বিজ্ঞানীর প্রকল্পসমূহের প্রদর্শনী ছাড়াও বিজ্ঞান ও শিল্পপ্রতিষ্ঠানের ষ্টল পরিদর্শন করেন।